**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 4/21/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল নতুন 750 মিলিয়ন মার্কিন ডলারের ওয়াডসওয়ার্থ গণস্বাস্থ্য গবেষণাগারের প্রথম পর্যায় ঘোষণা করলেন

***নতুন গবেষণাগার ভবিষ্যৎ গণস্বাস্থ্য সঙ্কটের জন্য প্রস্তুতি বৃদ্ধি করবে, শীর্ষস্থানীয় বিজ্ঞানীদের ধরে রাখবে***

***মার্কিন যুক্তরাষ্ট্রের সর্ববৃহৎ স্টেট গণস্বাস্থ্য গবেষণাগার কোভিডের বিরুদ্ধে লড়াইয়ে অতি গুরুত্বপূর্ণ***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেটের গণস্বাস্থ্য প্রয়োজন মেটাতে অ্যালবানির হ্যারিম্যান স্টেট অফিস ক্যাম্পাস কমপ্লেক্সে (Harriman State Office Campus Complex) একটি নতুন 750 মিলিয়ন মার্কিন ডলারের অত্যাধুনিক গণস্বাস্থ্য গবেষণাগার নির্মাণ অগ্রসর করতে প্রাথমিক নকশা চুক্তি প্রদান করা হয়েছে।

"ওয়াডসওয়ার্থ মহামারীর পুরো সময়ে কোভিড গবেষণায় বিশ্বকে নেতৃত্ব দিয়েছে," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্ক ওয়াডসওয়ার্থের বিজ্ঞানীদের এবং গণস্বাস্থ্য বিশেষজ্ঞদের একটি নতুন বিশ্বমানের গবেষণার ফ্যাসিলিটি তৈরি করে দিয়ে সমর্থন করতে পেরে গর্বিত যাতে তারা তাদের অতি গুরুত্বপূর্ণ যুগান্তকারী গবেষণা অব্যাহত রাখতে পারে। আমরা সেরা বৈজ্ঞানিক দক্ষতা এবং অত্যাধুনিক ফ্যাসিলিটিতে বিনিয়োগের ক্ষেত্রে নেতৃত্ব দিয়ে যাবো যাতে ভবিষ্যতের গণস্বাস্থ্য সঙ্কটে আমাদের প্রস্তুতি জোরদার করা যায়, এবং বিশ্বের সেরা বিজ্ঞানীদের নিউ ইয়র্কে আকৃষ্ট করা যায় ও এখানে ধরে রাখা যায়।"

আমরা সেরা বৈজ্ঞানিক দক্ষতা এবং অত্যাধুনিক ফ্যাসিলিটিতে বিনিয়োগের ক্ষেত্রে নেতৃত্ব দিয়ে যাবো যাতে ভবিষ্যতের গণস্বাস্থ্য সঙ্কটে আমাদের প্রস্তুতি জোরদার করা যায়, এবং বিশ্বের সেরা বিজ্ঞানীদের নিউ ইয়র্কে আকৃষ্ট করা যায় ও এখানে ধরে রাখা যায়।" চুক্তিটিতে একাধিক পর্যায় থাকবে: প্রাথমিক বিনিয়োগ একটি নতুন নকশার ভিত্তির বিকল্পসমূহ পরখ করে দেখবে যা ওয়াডসওয়ার্থ ফ্যাসিলিটিসমূহকে আংশিক বা সম্পূর্ণভাবে একত্রীকরণ করতে পারে, বিশেষ মনোযোগ থাকবে ভবিষ্যতের সম্ভাব্য গণস্বাস্থ্য সঙ্কটে কার্যকরভাবে সাড়াদানে স্টেটের প্রস্তুতি বৃদ্ধি করা।

কোভিড-19 মহামারীর বিরুদ্ধে লড়াইয়ে একটি কেন্দ্রীয় ভূমিকা পালন করা ওয়াডসওয়ার্থ গবেষণাগার (Wadsworth Laboratory) ব্যাপক ব্যাপ্তির গণস্বাস্থ্য উদ্বেগে মনোযোগ দেয়, যার মধ্যে রয়েছে গণস্বাস্থ্য ঝুঁকিতে সাড়াদান, উদীয়মান সংক্রমণ নিয়ে গবেষণা, পরিবেশের সংস্পর্শ বিশ্লেষণ করা, এবং ক্লিনিক্যাল এবং এনভায়রনমনেটাল গবেষণাগারের লাইসেন্স প্রদান করা এবং আরো অনেক অতি গুরুত্বপূর্ণ দায়িত্ব। 1901 সালে এর সূচনালগ্নে সংক্রামক ব্যাধির চিকিৎসা বের করা থেকে শুরু করে এবং 1914 সালে গবেষণাগার এবং গবেষণা ডিভিশন (Division of Laboratories and Research) তৈরির মাধ্যমে, ওয়াডসওয়ার্থ সেন্টার (Wadsworth Center) মার্কিন যুক্তরাষ্ট্রের সর্ববৃহৎ এবং সর্বাপেক্ষা বৈচিত্র্যময় গণস্বাস্থ্য গবেষণাগার হয়ে উঠেছে।

**নিউ ইয়র্ক স্টেটের ডর্মিটরি কর্তৃপক্ষের (Dormitory Authority of the State of New York) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা রুবেন ম্যাকড্যানিয়েল দ্য থার্ড বলেন,** "ওয়াডসওয়ার্থ ল্যাবের মিশনের গুরুত্ব আগে কখনো এতো স্পষ্ট ছিলো না। নিউ ইয়র্ক স্টেটের ডর্মিটরি কর্তৃপক্ষ স্বাস্থ্য ডিপার্টমেন্টের (Department of Health, DOH) সাথে অংশীদারিত্বে নিউ ইয়র্কের গণস্বাস্থ্য চাহিদা পূরণে শীর্ষ ফ্যাসিলিটি নির্মাণের কাজ করতে পেরে গর্বিত।"

**স্টেটের স্বাস্থ্য কমিশনার ডাঃ ম্যারি টি. ব্যাসেট বলেন,** "নিউ ইয়র্ক স্টেটের জাতীয়ভাবে স্বীকৃত গণস্বাস্থ্য গবেষণাগার, ওয়াডসওয়ার্থ সেন্টার গণস্বাস্থ্য সঙ্কট জরুরি অবস্থায় সাড়াদানের জন্য একটি অনন্য অবস্থানে রয়েছে, যেমনটি দেখা গেছে কোভিড-19 মহামারীর সময়। প্রাথমিক বিনিয়োগ অত্যাধুনিক গবেষণাগার নির্মাণ নিশ্চিত করে যাতে নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্য সুরক্ষিত রাখতে রোগের নমুনা এবং পরিবেশের নমুনার বিশেষজ্ঞ বিশ্লেষণ অব্যাহত ও জোরদার করা যায়।"

**স্টেট সিনেটর নীল ব্রেসলিন বলেন,** "আমরা নিজের চোখেই দেখেছি কোভিড-19 মহামারীর বিরুদ্ধে লড়াইয়ে আমাদের সাহায্য করতে ওয়াডসওয়ার্থ গবেষণাগার একটি অপরিহার্য ভূমিকা পালন করেছে। আমাদের গণস্বাস্থ্য প্রস্তুতিতে বিনিয়োগ করা এখন পূর্বের যেকোনো সময়ের থেকে বেশি গুরুত্বপূর্ণ এবং তাই এই বছরের বাজেটে নতুন 750 মিলিয়ন মার্কিন ডলারের ওয়াডসওয়ার্থ গণস্বাস্থ্য গবেষণাগারের (Wadsworth Public Health Laboratory) জন্য অর্থায়ন নিশ্চিত করা অতি গুরুত্বপূর্ণ ছিলো। আমি পর্যায় একের জন্য অর্থদানে গভর্নর হোকলের দ্রুত পদক্ষেপের প্রশংসা করছি, এর ফলে আমরা ভবিষ্যতের গণস্বাস্থ্য সমস্যায় নিউ ইয়র্কের প্রস্তুতি আরো জোরদার করতে পারবো।"

**অ্যাসেম্বলি সদস্য প্যাট্রিশিয়া ফাহি বলেন,** "আমি ওয়াডসওয়ার্থ গবেষণাগারের বিশ্বে সুপরিচিত খ্যাতির সাথে মানানসই অত্যাধুনিক ল্যাবের জন্য এই প্রতিশ্রুতি দেখে অত্যন্ত আনন্দিত। এই বিনিয়োগটি যাতে আমাদেরকে অ্যালবানি সিটির সাথে সম্পূর্ণভাবে সমন্বিত, রূপান্তরিত পূর্ব হ্যারিম্যান ক্যাম্পাসের মধ্যে অবস্থিত একটি ক্যাপিটাল রিজিওন গবেষণা ত্রিভুজের দিকে প্রেরণ করার জন্য আরো বিজ্ঞান ও গবেষণা বিনিয়োগ আনার মুখ্য উদ্দীপক হয় তা নিশ্চিত করতে কাজ করার জন্য আমি উন্মুখ। এই বিনিয়োগটি যাতে আমাদেরকে অ্যালবানি সিটির সাথে সম্পূর্ণভাবে সমন্বিত, রূপান্তরিত পূর্ব হ্যারিম্যান ক্যাম্পাসের মধ্যে অবস্থিত একটি

ক্যাপিটাল রিজিওন গবেষণা ত্রিভুজের দিকে প্রেরণ করার জন্য আরো বিজ্ঞান ও গবেষণা বিনিয়োগ আনার মুখ্য উদ্দীপক হয় তা নিশ্চিত করতে কাজ করার জন্য আমি উন্মুখ।

**অ্যাসেম্বলি সদস্য, রেজিস্টার্ড ফার্মাসিস্ট, জন টি. ম্যাকডোনাল্ড দ্য থার্ড বলেন,** "নতুন ওয়াডসওয়ার্থ গবেষণাগার নির্মাণের সাথে সংশ্লিষ্ট অনেক চুক্তির মধ্যে প্রথমটি নিয়ে গভর্নর হোকলের আজকের ঘোষণা ক্যাপিটাল রিজিওনের জন্য একটি দারুণ সংবাদ। সময়ের নানা পরীক্ষায় ওয়াডসওয়ার্থ গণস্বাস্থ্য গবেষণাগারটি গণস্বাস্থ্য সম্পর্কিত সকল বিষয়ের গবেষণার জন্য একটি সঙ্গত, নির্ভরযোগ্য, এবং কর্তৃত্বপূর্ণ উৎস হিসেবে কাজ করে গেছে। এই পদক্ষেপটি শুধু ক্যাপিটাল রিজিওনের জন্য নয়, বরং পুরো স্টেট, দেশ এবং বিশ্বের জন্য প্রাসঙ্গিক।কোভিড-19 এ সাড়াদান হলো আমাদের দেশের ইতিহাসের গণস্বাস্থ্য ব্যাপারে সাড়াদানের দীর্ঘ ইতিহাসের একটি এবং আমি ক্যাপিটাল রিজিওনে একটি অত্যাধুনিক ফ্যাসিলিটি ধরে রাখা ও বিকাশ করার পক্ষে আমাদের দীর্ঘদিনের কাজ যে অবশেষে বাস্তব ফলাফল নিয়ে আসছে তা দেখতে পেরে অত্যন্ত আনন্দিত।"

**অ্যালবানির মেয়র ক্যাথি শিহান বলেন,** "আমি হ্যারিম্যান ক্যাম্পাসে একটি নতুন ওয়াডসওয়ার্থ গবেষণাগার তৈরির জন্য এই গুরুত্বপূর্ণ পরবর্তী পদক্ষেপ নেওয়ার জন্য গভর্নর হোকলের প্রতি কৃতজ্ঞ। রূপান্তরকারী এই প্রকল্পটি নতুন অস্থায়ী ও স্থায়ী চাকরি তৈরি করবে এবং এই জরুরি গণস্বাস্থ্য সংস্থানটিকে নিউ ইয়র্কের ক্যাপিটাল সিটিতেই ধরে রাখবে। এক অবস্থানে গবেষণাগারগুলি একত্র করে রাখার ফলে কোভিডের বিরুদ্ধে লড়াইয়ে জরুরি কাজ অব্যাহত রাখার জন্য একত্রে কাজ করা বৃদ্ধি করবে এবং ওয়াডসওয়ার্থের কর্মকাণ্ড অব্যাহত রাখতে দিবে এবং অন্যান্য অতি গুরুত্বপূর্ণ গণস্বাস্থ্য হুমকি, সংক্রমণ ও পরিবেশের সংস্পর্শ নিয়ে গবেষণা ও সাড়াদান সম্প্রসারিত করতে পারবে। আমি দেশের সর্ববৃহৎ এবং সর্বাপেক্ষা বৈচিত্র্যময় গণস্বাস্থ্য গবেষণাগারের জন্য এই অতি গুরুত্বপূর্ণ 750 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ নিশ্চিত করতে সাহায্য করার জন্য বিশেষভাবে ধন্যবাদ জানাতে চাই সিনেটর ব্রেসলিন এবং অ্যাসেম্বলি সদস্য ফাহি ও ম্যাকডোনাল্ডকে নিয়ে গঠিত আমাদের ক্যাপিটাল সিটির প্রতিনিধিদলকে।"

**অ্যালবানি কাউন্টি নির্বাহী ড্যানিয়েল পি. ম্যাকয় বলেন,** "ওয়াডসওয়ার্থ শুধু কোভিড-19 এ আমাদের সাড়াদানের জন্য অতি গুরুত্বপূর্ণ নয়, এটি জিকা এবং ইবোলার মতো অন্যান্য সংক্রামক প্রাদুর্ভাব নিয়ে গবেষণা করার জন্যও গুরুত্বপূর্ণ, কিন্তু এই ফ্যাসিলিটিতে বিনিয়োগ করা আমাদের স্থানীয় অর্থনীতির জন্য একটি বড় বিজয় এবং এটি উচ্চ দক্ষতার ভালো বেতনের কর্মসংস্থান সৃষ্টি করবে। অ্যালবানি কাউন্টির লাইফ সাইন্স শিল্পের ক্রমবর্ধমান ক্লাস্টারে একত্রীকরণ প্রকল্পটির একটি পূরক প্রভাব থাকবে যা ভবিষ্যতে অন্যদের আকৃষ্ট করবে, যেমন মেডিকেল সরঞ্জাম বিকাশ এবং উৎপাদন, একাডেমিক মেডিকেল কেন্দ্র এবং আরো অনেক কিছু। আমি গভর্নর হোকলকে তার ভিশনের জন্য এবং আমাদের সম্প্রদায়ে এই দুর্দান্ত বিনিয়োগের জন্য ধন্যবাদ জানাতে চাই।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418